

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১১:৩৯

## 'বাবার প্রতি আপনাদের ভালোবাসায় আমি অশ্রুসিক্ত' | নাভিদুল হক



### বাবার সঙ্গে নাভিদুল হক

আমার বাবা আজ (বৃহস্পতিবার) লন্ডন সময় ৪টা ৩৩ মিনিটে আমাদের ছেড়ে চলে গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজি উন)। ব্যবসা, সুশীল সমাজের সক্রিয় সদস্য ও সত্যিকারের দেশপ্রেমিক হিসেবে বাবার ব্যস্ততার কারণে তার সঙ্গে শৈশবে আমার খুব বেশি স্মৃতি নেই। কিন্তু যখন আমি বড় হয়েছি ততই তার সঙ্গে আমার সম্পর্ক ঘনিষ্ঠ হয়েছে। তিনি আমার দিকনির্দেশক, আমার সহযোগী, আমার গুরু, আমার জীবনের পথপ্রদর্শক আলো।

বাবা যখন ডিএনসিসির মেয়র হলেন তখন আমি ছিলাম তার নির্ভরযোগ্য সহযোগী যার সঙ্গে তিনি তার সব কর্মকাণ্ড, পরিকল্পনা ও স্বপ্নের কথা বলতেন। তিনি আমার মধ্যে সর্বশ্রেষ্ঠ মূল্যবোধ, সততা ও বিনয়তার সঙ্গে জীবনযাপন শিখিয়ে গেছেন। যারা তার সঙ্গে সময় কাটিয়েছেন সেই ভাগ্যবান ব্যক্তির যারা তার ঘনিষ্ঠ ছিলেন তাদের সঙ্গে তার দরাজ কণ্ঠ, হাসি, জ্ঞান, কবিতা ও স্পর্শ সবসময় থাকবে।

যখন মেয়র থাকবেন না তখনও মানুষ যেন তাকে মনে রাখে। আব্বু যখন তুমি জান্নাত থেকে দেখবে লাখো মানুষ তোমার কথা মনে রেখেছে। আমি তোমাকে প্রতিটি দিন অনেক মিস করব, তোমার মত কিংবদন্তিকে আমার বাবা হিসেবে পাওয়ায় আমি অনেক ভাগ্যবান।

বাবাকে উৎসর্গ করে দেখা ফেসবুক স্ট্যাটাসগুলো পড়ে আমার চোখে পানি এসে গেছে। যারা আমার বাবার প্রতি ভালোবাসা, সম্মান প্রদর্শন করেছেন ও তার জন্য প্রার্থনা করেছেন তাদের সবাইকে ধন্যবাদ দিতে চাই। তার নামাজে জানাজা শুক্রবার বাদ জুম্মা রিজেন্ট পার্কে লন্ডন

সেন্ট্রাল মসজিদে অনুষ্ঠিত হবে। শনিবার রাজধানীর আর্মি স্টেডিয়ামে বাদ আসর অনুষ্ঠিত হবে দ্বিতীয় জানাজা।

লেখক: প্রয়াত মেয়র আনিসুল হকের ছেলে  
(ফেসবুক থেকে সংগৃহীত)

বিডি প্রতিদিন/১ ডিসেম্বর, ২০১৭/ফারজানা